দৈনিক সংবাদ

তারিখ ... 20 DEC. 199[illegible] ... ...
পৃঃ ৫ কলাম ৭ ......

কুমিল্লা মেডিক্যাল কলেজ

# দুরবস্থা নিরসনে সরকারের আশু হস্তক্ষেপ কামনা

কুমিল্লা থেকে জেলা বার্তা পরিবেশক ঃ কুমিল্লা মেডিক্যাল কলেজের শিক্ষক সমিতি কলেজটির দুরবস্থা নিরসনে সরকারের আশু হস্তক্ষেপ কামনা করেছেন।

সম্প্রতি কুমিল্লা ডায়াবেটিক হাসপাতাল মিলনায়তনে কুমিল্লা মেডিক্যাল কলেজ শিক্ষক সমিতির অভিষেক ও প্রথম জার্নালের প্রকাশনা উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এই আহ্বান জানানো হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন হুইপ মুজিবুল হক মুজিব। বিশেষ অতিথি ছিলেন বিএমএ মহাসচিব ডাঃ মোস্তফা জালাল মহিউদ্দিন, বাংলাদেশ বার কাউন্সিলের সহসভাপতি এডভোকেট আহম্মদ আলী ও বাংলাদেশ মেডিক্যাল শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি ডাঃ মোঃ নজরুল ইসলাম। সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি অধ্যাপক ডাঃ ফরিদা আবিদ খানম।

সভায় কুমিল্লা মেডিক্যাল কলেজ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ জানান, নতুনভাবে স্থাপিত ৫টি মেডিক্যাল কলেজের ভেতর কুমিল্লা ছাড়া বাকি ৪টির কাজ প্রায় শেষ। কুমিল্লা মেডিক্যাল কলেজের একটি ইটও এখনো গাঁথা হয়নি।

সভায় বক্তব্য রাখেন ডাঃ মোঃ হেদায়েত উল্লাহ, ডাঃ মোসলেহ উদ্দিন আহমেদ, ডাঃ ফরিদ উদ্দিন আহমেদ, ডাঃ মোঃ ইকবাল আনোয়ার, ডাঃ আবদুল হালিম ভুঁইয়া।